“যদি মানুষকে কেবল তাদের দাবী অনুযায়ী দিয়ে দেওয়া হয়, তাহলে অবশ্যই কতক লোক অন্যের সম্পদ ও জীবনও দাবী করবে। তবে দাবীদার কে প্রমাণ পেশ,আর যে অস্বীকারীর করবে তাকে শপথ করতে হবে”।

ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া
সাল্লাম বলেছেন: “যদি মানুষকে কেবল তাদের দাবী অনুযায়ী দিয়ে দেওয়া হয়, তাহলে অবশ্যই
কতক লোক অন্যের সম্পদ এবং তাদের জীবনও দাবী করবে। তবে দাবীদারের দায়িত্ব প্রমাণ
পেশ করা আর যে অস্বীকারীর করবে তার দায়িত্ব শপথ করা”। [হাসান] [এটি বাইহাকী ও অন্যান্যরা এভাবে বর্ণনা করেছেন এবং এর অংশবিশেষ সহীহ বুখারী ও মুসলিমে
রয়েছে।]

নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বর্ণনা করেন যে, যদি মানুষকে কেবল তাদের দাবির ভিত্তিতে প্রমাণ ছাড়াই দাবি করা জিনিস দেওয়া হয়, তবে লোকেরা জনগণের সম্পদ ও রক্ত দাবি করবে, কিন্তু দাবিদারকে অবশ্যই যা দাবি করছেন তার পক্ষে প্রমাণ ও দলিল উপস্থিত করতে হবে। যদি তার কাছে প্রমাণ না থাকে, তাহলে যার উপর দাবি করা হয়েছে তার সামনে দাবিটি উপস্থাপন করা হবে, যদি সে তা অস্বীকার করে তবে তাকে শপথ করতে হবে এবং সে খালাস পেয়ে যাবেন।

http://sunnah.global/hadeeth/bn/show/66532